**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Central Minister - FCI.**

কেন্দ্রীয় সরকার রাজ্যে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ার একটি আঞ্চলিক অফিস স্থাপনের জন্য সম্মতি প্রদান করেছে। কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন, ভোক্তা বিষয়ক এবং পুনর্নবীকরণ শক্তি মন্ত্রকের মন্ত্রী প্রহ্লাদ যোশী গতকাল আগরতলায় সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠকে এই সম্মতির কথা জানান। আগরতলায় এফ সি আই 'এর এই আঞ্চলিক অফিস স্থাপনের জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় জমি বরাদ্দ করবে এবং এর জন্য একটি প্রকল্প কেন্দ্রীয় মন্ত্রকে পাঠানো হবে। পর্যালোচনা সভায় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীযোশী রাজ্যের উন্নয়নমূলক কাজকর্ম সম্পর্কে অবহিত হন এবং বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য প্রকল্পের সফল রূপায়নের জন্য তিনি সন্তোষ প্রকাশ করেন। সভায় কেন্দ্রীয় মন্ত্রী বলেন, উত্তরপূর্বাঞ্চলের বিকাশে কেন্দ্রীয় সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে।

সভায় মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর অ্যাক্ট ইষ্ট পলিসির ফলে উত্তর-পূর্বাঞ্চল আজ উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে এগিয়ে চলছে। এর ফলে রাজ্যেও মাথা পিছু গড় আয় আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। পর্যালোচনা সভায় রাজ্য সরকারের পদস্থ আধিকারিকগণ স্বাস্থ্য, শিল্প ও বাণিজ্য, নগর এবং গ্রাম উন্নয়ন, জল সম্পদ, তপশিলি জাতি কল্যাণ, বন, প্রাণীসম্পদ, মৎস্য দপ্তরের বিভিন্ন প্রকল্পের উন্নয়নের সচিত্র প্রতিবেদন তুলে ধরেন। তাছাড়া সভায় রাজ্যের খাদ্যগুদাম সমূহের পরিকাঠামো, গণবণ্টন ব্যবস্থা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, ভোক্তা সংক্রান্ত বিষয়, পুনর্নবীকরণ

ও বিকল্প শক্তি, কৃষি ইত্যাদি বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে I এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**Kumbha Mela:**

পশ্চিম জেলার রাণীরবাজার দশমীঘাটে ত্রিপুরা কুম্ভমেলায় গতকাল বহু পূন্যার্থীর সমাগম হয়েছে। গত ২৫শে ডিসেম্বর থেকে শুরু হওয়া এই মেলা  শেষ হবে আগামী ২রা জানুয়ারী। মেলার অন্যতম আয়োজক সংস্থা জুনা আখড়ার পীঠাধীশ রঞ্জিতানন্দ মহারাজ জানান, কুম্ভ মেলা সাধারণত দেশের চার তীর্থ ক্ষেত্র, প্রয়াগরাজের ত্রিবেনী সঙ্গম, হরিদ্বার, মহারাষ্ট্রের নাসিক ও মধ্যপ্রদেশের উজ্জ্বয়নীতে আয়োজিত হয় নির্ধরিত সময়ে। কিন্তু ত্রিপুরার মতো রাজ্যে ধর্মপ্রাণ সনাতনীদের অনেকেই হরিদ্বার,

নাসিক, প্রয়াগরাজ উজ্জ্বয়নীতে গিয়ে পুন্য অর্জন করতে পারেন না, তাদের কথা ভেবেই এখানে এই কুম্ভমেলার আয়োজন।

**************************

**DM-UNAKOTI :**

জনজীবনে শান্তি, সুস্থিতি ও নিরাপত্তা বজায় রাখার জন্য ঊনকোটি জেলার জেলাশাসক এক আদেশে জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৩ কিলোমিটার এলাকা পর্যন্ত জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারায় জারি করা এই আদেশে বলা হয়েছে, আগামী পয়লা জানুয়ারি থেকে ৩১ মার্চ, পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত এই বিধিনিষেধ জারি থাকবে। জেলাশাসক আদেশে জানিয়েছেন, ঊনকোটি জেলায় নিরাপত্তার কাজে নিযুক্ত পুলিশ, সীমান্তরক্ষী বাহিনী জওয়ান, টিএসআর, আসাম রাইফেলস এবং অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত ব্যক্তির ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। জেলা প্রশাসনের উপযুক্ত কর্তৃপক্ষ, পুলিশ, বিএসএফ অথবা আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত এজেন্সির দেওয়া বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিদের এবং মুমুর্ষ রোগী বহনকারী যানবাহন চালক অথবা জীবনদায়ী ঔষধ কেনার জন্য ব্যক্তির ক্ষেত্রে এই আদেশে ছাড় রয়েছে।

*************************

**ISRO:**

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো আগামিকাল মহাকাশে একত্রীকরণ পরীক্ষা SpaDeX চালু করতে চলেছে। এক সাক্ষাৎকারে, মহাকাশ প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন, ইসরোর বছরের শেষ মিশনটি ঐতিহাসিক হবে। কারণ এটি মহাকাশে দুটি উপগ্রহ একত্রিত করার বিরল কীর্তি স্থাপন করবে। ড. সিং বলেছেন, SpaDeX মিশন মহাকাশে একত্রীকরণে সক্ষম

দেশগুলির গোষ্ঠীতে ভারতের প্রবেশকে চিহ্নিত করবে। তিনি বলেন, এই কৃতিত্ব প্রদর্শনের জন্য পিএসএলভি রকেট দেশীয় প্রযুক্তিসম্পন্ন দুটি উপগ্রহ উৎক্ষেপণ করবে।

*************************

**Children fair.**

আগরতলায় এগিয়ে চলো সংঘের উদ্যোগে ১১ দিন ব্যাপী ৩৬ তম শিশু মেলা গতকাল থেকে শুরু হয়েছে। উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

**************************

**Dr. S. Jaishankar:**

পররাষ্ট্র মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর সরকারী সফরকালে, সে দেশের পরবর্তী জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইকেল ওয়াল্টজের সাথে বৈঠক করেন। সামাজিক মাধ্যমে, শ্রী জয়শঙ্কর বলেছেন, বৈঠকে দ্বিপাক্ষিক অংশীদারিত্বের পাশাপাশি বর্তমান বিশ্বের নানা দিক নিয়ে আলোচনা হয়। তিনি ওয়াল্টজের সঙ্গে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

**************************

**Sriparna Gold :**

গুজরাটের সুরাটে জাতীয় সাব-জুনিয়র জিমন্যাস্টিক্স প্রতিযোগিতায় শ্রীপর্ণা দে রাজ্যকে স্বর্ণ পদক এনে দিয়েছে। গতকাল ব্যাক্তিগত ভল্টিং টেবিলের লড়াইয়ে শ্রীপর্ণা স্বর্ণ পদকটি পায়। এর আগে শ্রীপর্ণা অলরাউন্ড বিভাগে ব্রোঞ্জ পদক পায়।

**************************

**Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। রাজ্যের বিভিন্ন এলাকায় সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************

*********************